1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

স্মারক নং-৪১.০৩.০০০০.০৮৬.২৫.(অংশ-৪).০০১.২৪-১৪৫ তারিখ : ২২ আষাঢ় ১৪৩১বঙ্গাব্দ.
০৬ জুলাই ২০২৪ খ্রি.

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মীদের প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন।**

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে আয়োজিত **''সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন''** শীর্ষক প্রশিক্ষণ আগামী আগস্ট, ২০২৪ মাস হতে শুরু হবে। স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের নিবন্ধন অধ্যাদেশ-১৯৬১ অনুযায়ী নিবন্ধিত এবং সক্রিয় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা প্রতিনিধিগণ (সভাপতি/সাধারণ সম্পাদক/ কোষাধ্যক্ষ/নির্বাহী কমিটির সদস্য) প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনীত হবেন। প্রশিক্ষণ কোর্সের নির্দেশিকা পরিশিষ্ট-ক ও খ তে সংযোজন করা হলো। নির্দেশিকা অনুযায়ী প্রতিনিধি বাছাইপূর্বক তালিকা প্রেরণ করতে হবে। **মনোনয়ন তালিকা আবশ্যিকভাবে ইউনিকোডে NikoshBan ফ্রন্টে পরিষদের ই-মেইল bnswcbd@gmail.com-এ এবং হার্ডকপি ৩১-০৭-২০২৪** খ্রি. তারিখের মধ্যে পরিষদ কার্যালয়ে প্রেরণ করতে হবে। মনোনীত প্রতিনিধিকে প্রশিক্ষণের তারিখ ও সময় অত্র অফিস হতে যথাসময়ে পত্র মারফত/মোবাইলে অবহিত করা হবে। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াবলী প্রণিধানযোগ্য :

ক. নিবন্ধিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ/নির্বাহী কমিটির সদস্যগণ এ প্রশিক্ষণের জন্য মনোনীত হবেন ;
খ. বিগত ২ বছরে পরিষদ হতে প্রশিক্ষণ গ্রহণ করেননি এরূপ কর্মীগণ প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেয়া যাবে ;
গ. মনোনীতদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এস এস সি; তবে, প্রশিক্ষণ গ্রহণে সক্ষমতার বিষয়টি অবশ্যই বিবেচনা করতে হবে ;
ঘ. নারী ও পুরুষ নির্বিশেষে সকলকে মনোনয়নের প্রচেষ্টা গ্রহণ করতে হবে ; এবং
ঙ. কেবলমাত্র সক্রিয় সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা কর্মীগণকে মনোনয়ন দেয়া যাবে।

২। আগামী ৩১-০৭-২০২৪ খ্রি. তারিখের মধ্যে আপনার জেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনের ন্যূনতম ১০০(একশত) জন প্রতিনিধির তালিকার হার্ডকপি ও সফটকপি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬/০৭/২৪

(মোঃ শহিদুল ইসলাম)
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
ফোন : ০২-২২২২২৮১২৫
ইমেইল: es@bnswc.gov.bd

জেলা প্রশাসক
ও সভাপতি, জেলা সমাজকল্যাণ কমিটি
....................সকল ... জেলা।

অনুলিপি : (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক. সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।
২. বিভাগীয় পরিচালক, সমাজকল্যাণ অধিদপ্তর........সকল...............বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সদস্য সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি ..................সকল...................... — আপনাকে আগামী ৩১-৭-২০২৪ তারিখের মধ্যে চাহিত তথ্যাদি প্রেরণের বিষয়টি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো
৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সমাজকল্যাণ কমিটি.সকল
৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ কমিটি..সকল
৭. শহর সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, (সকল)..সকল.......
৮. সংশ্লিষ্ট নথি।

**পরিশিষ্ট "ক"**

# 'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণে মনোনয়ন সংক্রান্ত নির্দেশিকা

- কোর্সের নাম : (১) **'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন'**
  **(২) 'বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি' প্রশিক্ষণ**
- কোর্সের সংখ্যা : **২৫টি 'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ**
- কোর্সের সংখ্যা : **০৬টি 'বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি' প্রশিক্ষণ**
- কোর্সের মেয়াদ : **'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ ৫(পাঁচ)**
  **দিন এবং**

  **'বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি' প্রশিক্ষণ ৩(তিন) দিন**
- কোর্স আরম্ভ ও সমাপ্তি : মনোনীত স্বেচ্ছাসেবকগণের নির্দিষ্ট ব্যাচ, শুরু ও সমাপ্তির তারিখ অত্র অফিস হতে যথাসময়ে জানানো হবে;
- প্রতিনিধিদের পর্যায় : সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধনকৃত সক্রিয় স্বেচ্ছাসেবী সংগঠনের ব্যবস্থাপনা প্রতিনিধি (সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ/নির্বাহী কমিটির সদস্য);
- প্রশিক্ষণের ধরণ : আবাসিক
- প্রশিক্ষণার্থীদের যোগ্যতা : স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক কার্যক্রমে জড়িত সক্রিয় সদস্য।
- শিক্ষাগত যোগ্যতা : মনোনীতদের শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস এস সি/এসএসসি সমমানের।
- প্রশিক্ষণ স্থান : বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের প্রশিক্ষণ কক্ষ, ২২৪/1 নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ ।
- প্রশিক্ষণার্থীর যাতায়াত ভাতা : বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা সরকারি বিধি

  মোতাবেক প্রদান করা হবে।
- প্রশিক্ষণার্থী দৈনিক ভাতা : দৈনিক ৫০০/-(পাঁচশত) টাকা।
- প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা : হোটেল তিন তারা (আবাসিক,২৮৬/বি বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭,
  মোবাইল: হোটেল ম্যানেজার-০১৬০১০৬৮৩৭৮ , +৮৮-০২-৪৮৩১৫৭৪৫)
- সার্বক্ষণিক যোগাযোগ : জনাব মো: হারুনার রশীদ, প্রশিক্ষণ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
  মোবাইল নম্বর : ০১৬৩০৯১৮৪৮০, ০১৫৫০০৫৯১২৩

০৭/৮

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

পরিশিষ্ট "খ"

## 'সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণার্থীদের মনোনয়ন তালিকা

জেলার নামঃ

| ক্রমিক নং | নাম ও সাংগঠনিক পদবি এবং মোবাইল নম্বর (আবশ্যক) | সংগঠনের নাম, ঠিকানা সংগঠন প্রধানের মোবাইল নম্বর (আবশ্যক) প্রতিষ্ঠানের রেজি. নং ও তারিখ | জাতীয় পরিচয়পত্রের নম্বর/জন্মনিবন্ধন নম্বর ও শিক্ষাগত যোগ্যতা | ব্যক্তির ভিটেবাড়ি ছাড়া নিজস্ব জমি/কৃষিজমি আছে কি-না, থাকলে জমির পরিমাণ | নিজস্ব পুকুর আছে কি-না | মৎস্যচাষে আগ্রহী কি-না | কৃষি খামার করতে আগ্রহী কি-না | পশু পালনে আগ্রহী কি-না | প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রম | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে সর্বশেষ প্রশিক্ষণ গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

০৬.০৯.২০২৪

ফারহানা আক্তার
আইডি ১৪০৬২
উপপরিচালক (মূল্যায়ন)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।